

যঈফ ও জাল হাদিস

হাদিস নান্বারঃ ১৮৮১

১/ বিবিধ

আরবী

أحسنوا الأصوات في القرآن
ضعيف جداً

أخرجه الطبراني في " المعجم الكبير " (3 / 170 / 2) عن نعيم بن حماد أخبرنا عبدة بن سليمان عن سعيد أبي سعد البقال عن الضحاک عن ابن عباس قال: قال النبي صلى الله عليه وسلم: فذكره. قلت: وهذا إسناد ضعيف جداً، الضحاک وهو ابن مزاحم لم يسمع من ابن عباس. وسعيد وهو ابن مرزبان العبسي، ضعيف مدلس. ونعيم بن حماد ضعيف متهم. ويغني عن هذا الحديث قوله صلى الله عليه وسلم: " زينوا القرآن بأصواتكم ". انظر " صحيح الجامع " (رقم 3574 – 3575)

বাংলা

১৮৮১। তোমরা কুরআনের (তিলাওয়াতের) ব্যাপারে আওয়াযকে সুন্দর কর।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে ত্ববারানী “আলমুজামুল কাবীর” গ্রন্থে (৩/১৭০/২) নুয়াইম ইবনু হাম্মাদ হতে, তিনি আবদাল্লাহ ইবনু সুলাইমান হতে, তিনি সাঈদ আবু সা’দ বাক্কাল হতে, তিনি যহহাক হতে, তিনি আব্দুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। কারণ যহহাক হছেন ইবনু মুযাহিম। তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে শ্রবণ করেননি। আর সাঈদ হছেন ইবনু মারযুবান আবাসী। তিনি দুর্বল, মুদাল্লিস। আর নুয়াইম ইবনু হাম্মাদ দুর্বল মিথ্যা বর্ণনা করার দোষে দোষী। এ খুবই দুর্বল সনদের হাদীস থেকে আমাদেরকে নিরাপদে রাখতে পারে

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিম্নোক্ত বাণীঃ

“তোমরা কুরআনকে সৌন্দর্যমণ্ডিত কর তোমাদের শব্দসমূহের দ্বারা।”

দেখুন “সহীহ জামেউস সাগীর” (৩৫৭৪, ৩৫৭৫)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72764>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন